মুজিবনগরে বঙ্গবন্ধু জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে মহাজনপুর ইউপি চাম্পিয়ন

উপজেলা পর্যায়ে মুজিবনগরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে (অনুর্ধ্ব-১৭) বালক ফাইনাল খেলায় মহাজনপুর ইউনিয়ন চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে।

সোমবার বিকেলে মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে ও উপজেলা মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স মাঠে এ ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। ফাইনালে মহাজনপুর ইউনিয়ন একাদশ মোনাখালী ইউনিয়ন একাদশ কে ২-০ গোলে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

খেলায় মহাজনপুর ইউনিয়ন অনূর্ধ্ব (১৭) দলের হয়ে লিংকন ও নাঈম গোল দুটি করেন। খেলা শেষে পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।উপজেলা নির্বাহী অফিসার ও টুর্নামেন্ট কমিটির সভাপতি সুজন সরকার উপস্থিত থেকে বিজয়ী ও বিজিত দলের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

টুর্নামেন্টের সেরা গোলকিপার হয়েছেন মহাজনপুর ইউনিয়ন একাদশের হাসিবুল, টুর্নামেন্টের সেরা গোলদাতা হয়েছেন মহাজনপুর ইউনিয়ন একাদশের ১০ নম্বর জার্সিধারী সাব্বির, ম্যান অব দ্যা টুর্নামেন্ট হয়েছেন মোনাখালী ইউনিয়ন একাদশের ১০ নম্বর জার্সিধারী গাফফার।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা রকিবুদ্দীন, মুজিবনগর থানার সেকেন্ড অফিসার এসআই উত্তম, ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান, বীর মুক্তিযোদ্ধা হারুনুর রশিদ, বীর মুক্তিযোদ্ধা লুৎফর রহমান, বীর মুক্তিযোদ্ধা হাসেম আলীসহ শিক্ষক, সাংবাদিক, ইউনিয়ন পরিষদ সদস্য ও রাজনৈতিক নেতৃবৃন্দ এবং বিপুল পরিমান দর্শক।

খেলায় রেফারি হিসেবে দায়িত্ব পালন করেন ফারাহ হোসেন লিটন,সহকারী রেফারি হিসাবে ছিলে মাহবুবুল হক ও আক্কাস আলী। ম্যাচের ধারাভাষ্যকার হিসেবে ছিলেন শামীম শিশির।

গাংনীতে বিদ্যালয়ে অভিভাবক, শিক্ষক, স্কুল ব্যবস্থাপনা কমিটি ও গ্রাম উন্নয়ন দলের সমন্বয় সভা অনুষ্ঠিত

ছাত্র-ছাত্রীদের স্কুল থেকে ঝরে পড়া রোধ ও শিক্ষার মান উন্নয়নে গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া দয়ের পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অভিভাবক, শিক্ষক, স্কুল ব্যবস্থাপনা কমিটি ও গ্রাম উন্নয়ন দলের সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার দুপুরে স্কুল মিলনায়তনে দি হাঙ্গার প্রজেক্ট সহযোগীতায় গ্রাম উন্নয়ন দল, স্কুল ব্যবস্থাপনা কমিটি ও শিক্ষকরা এ আয়োজন করে।

বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সভাপতি নুরুন্নবীর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন দি হাঙ্গার প্রজেক্টের গাংনী এলাকা সমন্বয়কারী মোঃ হেলাল উদ্দিন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, তেঁতুলবাড়ীয়া শিলাল পাড়া গ্রাম উন্নয়ন দলের সভাপতি মো: আব্দুল লতিব, তেঁতুলবাড়ীয়া পশ্চিম পাড়া গ্রাম উন্নয়ন দলের সহ সভাপতি মো: আব্দুর রশিদ।

অনুষ্ঠানে রাখেন সভাপতি মো: নুরুন্নবীর সাগত বক্তব্যের মধ্য দিয়ে আলোচনা সভা শুরু হয়। অনুষ্ঠানে মুক্ত আলোচনায় শিক্ষার মান উন্নয়নের জন্য মতামত দেন অভিভাবক রেহেনা খাতুন ও শুকিলা খাতুন, আমেনা খাতুনসহ অন্যান্য অভিভাবকবৃন্দ। অনুষ্ঠানে গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক নারগিস আক্তার।

অভিভাবক, শিক্ষক, স্কুল ব্যবস্থাপনা কমিটি ও গ্রাম উন্নয়ন দলের সমন্বয় সভার বিস্তারিত আলোচনা ও শিক্ষার মান উন্নয়ন তুলে ধরে আলোচনা করেন অনুষ্ঠানের প্রধান অতিথি মো: হেলাল উদ্দিন।

দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন সমন্বয়কারী

হেলাল উদ্দিন হাসান কারিগরী ভূমিকায় ছিলেন। শিশু ঝরে পড়া রোধে অভিভাবকদের সচেতনতা বৃদ্ধি, শিক্ষার মান উন্নয়ন করা, শিক্ষার্থীদের ভাল ফলাফল করানো ও মোবাইল ফোন খেলা থেকে সন্তানকে দুরে রাখার জন্য নানা সিদ্ধান্ত নেওয়া হয় অভিভাবক সমাবেশে। উপস্থিত ছিলেন, বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্য ও ইয়ুথ সদস্য বৃন্দ।

গাংনীতে ইজিপিপি শ্রমিক নিয়ে চলছে ছলচাতুরি

গাংনীতে ইজিপিপি প্রকল্পে শ্রমিক নিয়ে চলছে নয়ছয়ের ঘটনা। সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প চেয়ারম্যান শ্রমিকদের ব্যক্তিগত কাজে ব্যবহার করছেন অনেকেই। আবার অনেক শ্রমিক কাজে না এসে প্রকল্প চেয়ারম্যানকে বিশেষ সুবিধা দিয়ে মজুরি উত্তোলন করছেন।

প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের সঠিক তদারকি না থাকায় এমনটি ঘটছে বলে মন্তব্য করছেন অনেকে। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলছেন শ্রমিক অনুপস্থিত ও কাজে ফাঁকি দেয়ার বিষয়টি সঠিক নয়।

সরেজমিনে গিয়ে দেখা গেছে, রাইপুর ইউনিয়নে ইকুড়ি ঝরের রাস্তায় ৪৫জন শ্রমিক কাজ করছেন। এদের মধ্যে তিন জন শিশু শ্রমিক রয়েছেন। অথচ ওই প্রকল্পে ৬১জন শ্রমিক কাজ করার কথা।

কর্মক্ষেত্রে শ্রমিক সর্দার রাশিদুল ইসলাম ছিলেন না। তার কাছে হাজিরা খাতা থাকলেও তাতে গত ১০ দিনের কোন হাজিরা নেই। উপরন্ত জবকার্ডের কোন হদিস মেলেনি। টাঙ্গানো হয়নি প্রকল্পের সাইনবোর্ড।

শ্রমিক সর্দার জানালেন প্রকল্প চেয়ারম্যান যে ভাবে বলেন সেভাবেই শ্রমিকদের হাজিরা দেয়া হয়। প্রকল্প চেয়ারম্যান নার্গিস মেম্বার জানান, তিনি প্রকল্পের কাজের কাছে যেতে পারেননি তাই তার স্বামিকে পাঠিয়েছিলেন। শ্রমিক সংকটের কারনে অনেক কৃষকই ধানকাটাতে লোক

নিয়ে যাওয়ার কারনে প্রকল্পের কাজে নিয়োজিত শ্রমিকরা কাজে আসতে পারেনি বলেও জানান তিনি।

এদিকে একই ইউনিয়নের চাদঁপুর খালের মাঠের রাস্তায় নিয়োজিত প্রকল্পের চেয়ারম্যান হাসান মেম্বার মাটিকাটা শ্রমিকদের দিয়ে তার কৃষি জমিতে কাজ করাচ্ছেন। সোমবার হাসান মেম্বার ৫জন শ্রমিক দিয়ে তার মরিজ ক্ষেত পরিচর্যা করিয়েছেন।

প্রতিদিনই তিনি প্রকল্পের শ্রমিকদের দিয়ে নিজের কৃষিকাজ করান বলে অভিযোগ অনেকের। এছাড়াও প্রতিদিন ৮/১০জন শ্রমিক কম থাকলেও তিনি সমস্ত শ্রমিকের হাজিরা প্রদান করেন। এব্যাপারে হাসান মেম্বারের সাথে যোগাযোগের চেষ্টা করা হলেও তাকে পাওয়া যায়নি।

জানাগেছে,২০২১-২২ অর্থবছরে দরিদ্র মানুষ যাতে কাজ করে জীবিকা নির্বাহ করতে পারে, সেজন্য বিশ্ব ব্যাংক চালু করেছে ‘অতিদরিদ্রদের জন্য কর্মসূচি’ (ইজিপিপি)। এ কর্মসূচি বাস্তাবায়ন করছে স্ব-স্ব উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস। রাইপুর ইউনিয়নের ২০২ জন শ্রমিক কাজ করছেন।

এ ব্যপারে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু জানান, প্রকল্পের শ্রমিক দিয়ে হাসান মেম্বার তার জমিতে কাজ করিয়ে নেয়ার বিষয়টি আমি জানিনা। তবে যদি বিষয়টি সত্য হয়ে থাকে তবে আমি তার বিরুদ্ধে নিয়ম অনুযায়ী ব্যাবস্থা নেব এছাড়াও কোন শ্রমিক অনুপস্থিত থাকলে তার হাজিরা প্রদান করা হবেনা। তিনি দাবী করেন সব চেয়ে স্বচ্ছ কাজ হচ্ছে আমার ইউনিয়নে।

গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তী জানান, জনবল সংকটের কারনে একত্রে কাজ পরিদর্শন করা সম্ভব হয়না। তার পরেও আমরা শতভাগ কাজ করানোর চেষ্টা করছি।

মুদি ব্যবসায়ী রড দিয়ে পিটিয়ে

মাথা ফাটালেন সবজী বিক্রেতার

মুদি দোকানের পাশে কাঁচা তরকারী রাখার অপরাধে আমজাদ হোসেন (৫০) নামের এক সবজী বিক্রেত কে লোহার রড দিয়ে আঘাত করে রক্তাত্ব জখম করেছে মুদি ব্যবসায় আমিন উদ্দীন।

আহত সবজী বিক্রেদা আমজাদ হোসেন মেহেরপুর শহরের গোরস্থানপাড়া এলাকার ফুলজার হোসেনের ছেলে। আজ সোমবার বেলা দেড়টার দিকে মেহেরপুর শহরের হোটেল বাজার এলাকায় এ হামলার ঘটনা ঘটে।

পাশের ব্যবসায়ী আক্তারুল ইসলাম জানান, হোটেল বাজার এলাকায় আমিন উদ্দীনের মুদি দোকানের পাশেই সবজী বিক্রি করেন আমজাদ হোসেন। আজকে মুদি দোকানের পাশেই কিছু সবজী রেখেছিলেন আমজাদ হোসেন।

সবজী রাখা নিয়ে আমজাদ হোসেন ও আমিন উদ্দীনের মধ্যে প্রথমে কথাকাটি হয়। পরে দোকানোর ঝাপ নামানো রড দিয়ে আমজাদ হোসেনকে পিটিয়ে রক্তাক্ত করে। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ সয্যার হাসপাতালে ভর্তি করেন।

মেহেরপুর জেনারেল হাসপাতালের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক সউদ কবীর জানান, আহত আমজাদ হোসেনের মাথায় আঘাতের ক্ষত রয়েছে। তাকে ভর্তি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে।

মুজিবনগর ডিগ্রী কলেজ ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদকসহ ২জনকে কুপিয়ে জখম

কলেজে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজ ছাত্রলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক আশিকুজ্জামান ও অপর ছাত্রলীগ নেতা রোমানুজ্জামানকে ধারাল অস্ত্র দিয়ে কুপিয়ে জখম করেছে প্রতিপক্ষরা।
আজ সোমবার (২৩ মে) বেলা দেড়টার দিকে দারিয়াপুরে কলেজ চত্ত্¦রে এ

ঘটনা ঘটে।
আহত আশিকুজ্জামান মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের আবু বক্কর সিদ্দীকের ছেলে। এছাড়া রোমানুজ্জামান একই গ্রামের রবিউল ইসলামের ছেলে। তারা দুজনেই মুজিবনগর ডিগ্রী কলেজের ডিগ্রী তৃতীয় বর্ষের ছাত্র।
আহতরা বর্তমানে মেহেরপুর সরকারী কলেজে চিকিৎসাধীন রয়েছেন।
আহত আশিকুজ্জামান জানান, দারিয়ারপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মাহবুব আলম রবি’র পুত্র ফয়সাল হোসেন নাফিস ও বহিরাগত হৃদয়ের নেতৃত্বে তার সহযোগীরা ধারালো অস্ত্র দিয়ে কুপিয়েছে।
তবে চেয়ারম্যান মাহবুব আলম রবি জানান, মুজিবনগর সরকারী ডিগ্রী কলেজে আধিপত্য বিস্তার নিয়ে দারিয়াপুর গ্রামের ও আশরাফপুর গ্রামের ছাত্রদের মধ্যে সংঘর্ষ হয়েছে। আমার ছেলেকে তারা এর সাথে জড়িয়ে নোংরা রাজনীতি করতে চাচ্ছে।
তিনি আরও বলেন, আমার ছেলেকে আশিকুজ্জামান তার সঙ্গে রাজনীতি করার জন্য প্রস্তাব দিয়েছিলো। সে রাজি না হওয়ায় আমার ছেলেকে এর সাথে জড়াতে চাইছে তারা।
মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল বলেন, এ ধরণের ঘটনা শুনিনি। তবে খোঁজ নিয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে।

গাংনীতে ছোট ভাইয়ের লাঠির আঘাতে বড় ভাইয়ের মৃত্যু

লেবু গাছের ডাল কাটাকে কেন্দ্র করে ছোট ভায়ের লাঠির আঘাতে মারা গেছে বড় ভাই খলিল বিশ্বাস (৬০)।

সোমবার দুপুরে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিিৎসাধিন অবস্থায় তার মৃত্যু হয়। শনিবার সন্ধ্যায় আহত হয়ে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধিন ছিলেন তিনি। নিহত খলিল বিশ্বাস মেহেরপুরের গাংনীর হিন্দা গ্রামের মৃত মুনসুর আলীর ছেলে।

নিহত খলিলের মেয়ে পারভিনা খাতুন জানান, শনিবার বাড়ির পাশে লেবু গাছের ডাল কাটা নিয়ে ছোট ভাই হবিবর রহমানের সাথে খলিল বিশ্বাসের

বাকবিতণ্ডা শুরু হয়। একপর্যায়ে ছোটভাই হবিবর তার হাতে থাকা লাঠি দিয়ে বেধড়ক মারপিট করে। বাড়ির লোকজন ও স্থানীয়রা খলিল বিশ্বাসকে উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ও পরে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। সেখানে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, তিনি ঘটনাটি শুনেছেন এবং ঘটনাস্থলে পুলিশ পাঠিছেন। পরিস্থিতি অনুযায়ি পরবর্তী আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

মেহেরপুরের চাঁদবিলে শিয়ালের ধাক্কায় সাবেক মেম্বর সিরাজুল আহত

চলন্ত মোটরসাইকেলের সাথে শিয়ালের ধাক্কায় গুরতর জখম হয়েছেন সাবেক ইউপি সদস্য (মেম্বর) সিরাজুল ইসলাম (৫০)। এঘটনায় শিয়ালটি মারা গেছে।
আজ সোমবার (২৩ মে) সকাল ১০ টার দিকে মেহেরপুর-চুয়াডাঙ্গা আঞ্চলিক সড়কের চাঁদবিল আনকমন কপি হাউজের সামনে এ দূর্ঘটনা ঘটে। সিরাজুল ইসলাম আমঝুপি ইউনিয়ন পরিষদের ৪ নং ওয়ার্ডের চাঁদবিল গ্রামের সাবেক মেম্বর।
বর্তমানে ২৫০ সয্যার মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন তিনি।
প্রত্যক্ষদর্শিরা জানান, সিরাজুল ইসলাম মোটরসাইকেল যোগে চাঁদবিল থেকে মেহেরপুর শহরে আসছিলেন। আনকম কপি হাউজের সামনে পৌছানো মাত্র একটি শিয়াল রাস্তা পার হওয়ার জন্য দ্রæতগতিতে দৌড় দিয়ে মোটরসাইকেলের নিচে পড়ে। মোটরসাইকেল নিয়ন্ত্রণ হািরে রাস্তার উপর পড়ে গেলে সিরাজুল ইসলাম আহত হন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

এক মাস আগে খোলা সয়াবিন তেলের দাম ছিল ১৭০ থেকে ১৮২ টাকা লিটার, বর্তমানে লিটার প্রতি দাম বেড়ে ২০৫ থেকে ২১০ টাকা হয়েছে। আগের মাসে ১৩৫ থেকে ১৪০ টাকার পাম সুপার তেল দাম বেড়ে ১৬৫ থেকে ১৭২ টাকা হয়েছে।
খোলা চিনির দাম এখন ৭৯ থেকে ৮০ টাকা প্রতি কেজি। প্রতি কেজি মসুরির ডাল ১০ থেকে ১২ টাকা বৃদ্ধি পেয়ে বিক্রি হচ্ছে ১২০ থেকে ১২২ টাকাই। মটরের ডাল কেজিতে ২০ টাকা বেশি দরে বর্তমানে ৭০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে।

বাজার গুলোতে ঘুরে দেখা যায় নিত্যপ্রয়োজনীয় পণ্যে লবণ কেজি দরে বিক্রি হচ্ছে ৩০ টাকায়, জিরা বিক্রি হচ্ছে ৪৪০ টাকা কেজি দরে, ৫০ গ্রাম হলুদ গুঁড়া ২৮ থেকে ৩০ টাকা এবং ১ শত গ্রাম ৬০ থেকে ৬৫ টাকায় বিক্রি হচ্ছে। ১ শত গ্রাম ঝালের বাজার দর ৬০ থেকে ৬৫ টাকার মধ্যে। এছাড়াও শুকনো খাবার মুড়ির দাম ৪০ থেকে ৬০ টাকার মধ্যে এবং চিড়া কেজিতে ৬০ টাকায় বিক্রি করা হচ্ছে।

মেহেরপুরের হোটেল বাজারে বাজার করতে আসা ক্রেতা মোঃ মানিক বলেন, আমাদের আয় কম, কিন্তু জিনিস পত্রের খরচ অনেক। আয়ের সঙ্গে ব্যয় মেলাতে পারছি না। জিনিসপাতির দাম তো বাড়তেই আছে। সামনে যে কি হবে সেটাই বুঝতে পারছি না।

মোঃ জুয়েল আহমেদ বলেন, দিন দিন সব কিছুই দাম আকাশ ছোঁয়া হয়ে যাচ্ছে। এই ভাবে চলতে থাকলে আমরা সংসার কিভাবে চালাবো? যে ময়দা আগে ৩০ টাকা ছিলো এখন তা ৪১ থেকে ৫০ টাকাই চলে গেছে। আর চাল,ডাল,তেল দাম তো বাড়ছেই।

মুদি ব্যবসায়ী অন্তর সাহা জানান, চালের দাম বস্তাপ্রতি (৫০ কেজি) ২০০ টাকা বেড়েছে। চালের আমদানি কোনো কমতি নেই, টাকা দিলেই চাল পাওয়া যায়। কিন্তু কিছু অসাধু ব্যবসায়ীরা জিনিস আটকিয়ে রেখে দাম বাড়াচ্ছে।

ফেনসিডিল সহ মাদক কারবারি সুমনকে গ্রেফতার

জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) অভিযান চালিয়ে আরিফুল ইসলাম (৩৮) নামের একজনকে আটক করেছে। আটক আরিফুল ইসলাম মেহেরপুর সদর উপজেলার দক্ষিণ শালিকা গ্রামের খেজুমদ্দিনের ছেলে।

রবিবার দিবাগত রাত সাড়ে ৯ টার সময় দক্ষিণ শালিকা গ্রামের গোরস্থান পাড়া এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করেন। এসময় তার কাছে থাকা ব্যাগের মধ্যে থেকে ৩৫ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়।

অভিযানে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) উপপরিদর্শক (এসআই) অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে সহকারী উপপরিদর্শক (এএসআই) হেলাল উদ্দীন সঙ্গীয় ফোর্স অভিযানে অংশ নেন।

ডিবি পুলিশের উপপরিদর্শক অজয় কুমার কুন্ডু জানান, একদল মাদক কারবারী মাদক পাচার করছে এমন সংবাদের ভিত্তিতে সেখান অভিযান চালানো হয়। পুলিশের উপস্থিতি টের পরে মামলার অপর আসামী একই গ্রামের সাহাব্বুদ্দিনের ছেলে মিঠু মিয়া পালিয়ে যায়।